গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১/২০১৯-২০২০
ঢাকা, ১৪ জুলাই রোববার ২০১৯, ৩০ আষাঢ় ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রী ও প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিলেন ইমরান আহমেদ ও ফজিলাতুন নেসা ইন্দিরা
২। রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ প্রধানমন্ত্রীর
৩। দুর্নীতির কারণে উন্নয়নের ক্ষতি বরদাশত করব না : সরকারি কর্মকর্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর
৪। ঢাকায় দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী : দ্বিপক্ষীয় বৈঠক আজ
সিউলকে বিনিয়োগের আহ্বান জানাবে ঢাকা : পররাষ্ট্রমন্ত্রী
৫। পাঁচ দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন শুরু আজ : ৩০০টি প্রস্তাব থাকছে
৬। বেনাপোল-ঢাকা বিরতিহীন রেলসার্ভিস শুরু আগামী ১৭ জুলাই , উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৭। পরিবহণে চাঁদাবাজি হলে জানান : ট্রাক-কাভার্ডভ্যান মালিক সমিতির সভায় স্বরাষ্ট্রমন্ত্রী
৮। মানসম্মত শিক্ষা নিশ্চিতে সরকার আন্তরিকতার সঙ্গে কাজ করছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
৯। প্রতিযোগিতায় টিকে থাকতে দেশি শিল্পপ্রতিষ্ঠানকে সহায়তা করা হবে : শিল্পমন্ত্রী
১০। বন্যা পরিস্থিতি মোকাবিলায় সরকারের আগাম প্রস্তুতি রয়েছে : মানিকগঞ্জে পানিসম্পদ উপমন্ত্রী
১১। ভারতীয় নৌপথে পণ্য পরিবহণ করবে বাংলাদেশ-ভুটান
১২। বিদেশি বিনিয়োগকারীদের কাছে আকর্ষণীয় বাংলাদেশের বাজার : নিক্কেই এশিয়া রিভিউ প্রতিবেদন
১৩। বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের দ্বিবার্ষিক নির্বাচনে
স ম গোলাম কিবরিয়া সভাপতি ও মুন্সী জালাল উদ্দিন মহাসচিব নির্বাচিত

চলমান পাতা-২

১ । **মন্ত্রী ও প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিলেন ইমরান আহমেদ ও ফজিলাতুন নেসা ইন্দিরা**

আওয়ামী লীগ টানা তৃতীয় মেয়াদে সরকার গঠনের ছয় মাসের মাথায় মন্ত্রিসভায় রদবদল আনা হলো। গতকাল (১৩ জুলাই শনিবার) নতুন একজন মন্ত্রী এবং প্রতিমন্ত্রী শপথ নিয়েছেন। প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমেদ পূর্ণমন্ত্রী হিসেবে নিয়োগ পেয়েছেন। সংরক্ষিত মহিলা আসনের তিনবারের সংসদ সদস্য ও আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক ফজিলাতুন নেসা ইন্দিরা প্রতিমন্ত্রী হিসেবে নিয়োগ পেয়েছেন। গতকাল (১৩ জুলাই শনিবার) বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীকে শপথবাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.৬),**সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

২। **রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ প্রধানমন্ত্রীর**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৩ জুলাই শনিবার) বঙ্গভবনে নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীর শপথের পর রাষ্ট্র ও সরকারপ্রধান বৈঠক করেন। বৈঠকে প্রধানমন্ত্রী তাঁর চীন সফর সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর কর্মসূচি নিয়েও মতবিনিময় করেন। সূত্র : **সমকাল (**পৃ.১৯,ক.৮**), জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

৩। **দুর্নীতির কারণে উন্নয়নের ক্ষতি বরদাশত করব না : সরকারি কর্মকর্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী**
**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি কর্মচারীদের দুর্নীতির বিষয়ে হুঁশিয়ার করে বলেছেন, দুর্নীতির কারণে উন্নয়নের ক্ষতি বরদাশত করা হবে না। এ ব্যাপারে সবার সজাগ ও দায়িত্বশীল হতে হবে। উন্নয়নের গতিকে অব্যাহত রাখতে দুর্নীতি প্রতিরোধ করার আহ্বান জানান তিনি। গতকাল (১৩ জুলাই শনিবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠানে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে প্রত্যেক মন্ত্রণালয় ও বিভাগের পক্ষে জ্যেষ্ঠ সচিব ও সচিবরা ২০১৯-২০ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষর করেন। পরে তাঁরা প্রধানমন্ত্রীর হাতে এ চুক্তিপত্র তুলে দেন। দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নে তাঁর সরকারের বিভিন্ন উদ্যোগ তুলে ধরে প্রধানমন্ত্রী আরো বলেন, আজকে কর্মসম্পাদন চুক্তির ফলে দ্রুত দেশ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী ২০১৭-১৮ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) বাস্তবায়নে সফলতার স্বীকৃতি হিসেবে ১০টি মন্ত্রণালয় ও বিভাগকে সম্মাননাপত্র এবং ক্রেস্ট প্রদান করেন। এর মধ্যে এপিএ বাস্তবায়নে সাফল্যের বিবেচনায় বিদ্যুৎ বিভাগ প্রথম, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ দ্বিতীয় এবং জ্বালানি এবং খনিজ সম্পদ বিভাগ তৃতীয় স্থান অর্জন করে। এছাড়া তথ্য মন্ত্রণালয়ের সচিব মো. আব্দুল মালেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে তাঁর মন্ত্রণালয়ের সাফল্যের স্বীকৃতিস্বরূপ অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর নিকট থেকে সম্মাননাপত্র গ্রহণ করেন। দুর্যোগ ব্যবস্থাপনায় সরকারের সাফল্য তুলে ধরে দেশের বিভিন্ন স্থানে বন্যা প্রসঙ্গে সরকারের পর্যাপ্ত প্রস্তুতি থাকার আভাস দেন প্রধানমন্ত্রী। বন্যায় যেন মানুষের প্রাণহানি না ঘটে সে ব্যাপারে প্রশাসনকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৪। **ঢাকায় দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী : দ্বিপক্ষীয় বৈঠক আজ**
**সিউলকে বিনিয়োগের আহ্বান জানাবে ঢাকা : পররাষ্ট্রমন্ত্রী**

তিনদিনের সরকারি সফরে ঢাকায় পৌঁছেছেন দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী লি নাক-ইয়ুন। গতকাল (১৩ জুলাই শনিবার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন তিনি। আজ বিকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়ার মধ্যে প্রধানমন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে। দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রীর এ সফরের মধ্য দিয়ে সিউলের সঙ্গে ঢাকার সম্পর্ক আরো শক্তিশালী হবে। সফরকালে তিনি রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গেও বৈঠক করবেন। এছাড়া বাংলাদেশী এবং কোরীয় ব্যবসায়ী প্রতিনিধিদের সঙ্গেও বৈঠক করবেন লি নাক-ইয়ুন।

গতকাল কোরীয় প্রধানমন্ত্রীকে বহনকারী উড়োজাহাজটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করলে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন তাঁকে স্বাগত জানান। এ সময় পররাষ্ট্রমন্ত্রী বলেন, কোরীয়রা যেহেতু বিভিন্ন ক্ষেত্রে উদ্ভাবনী পণ্য উৎপাদন করে, ফলে আমরা নতুন পণ্য উৎপাদনে বাংলাদেশে তাদের বিনিয়োগ খুঁজব। চট্টগ্রামে কোরিয়ার প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ আকর্ষণের জন্য প্রচুর জমি দেয়া হয়েছে। কোরিয়ান অর্থনৈতিক অঞ্চল পুরোপুরি প্রস্তুত। এর পূর্ণ সুবিধা নিতে কোরীয় প্রধানমন্ত্রীকে আরো বিনিয়োগের আহ্বান জানাবে ঢাকা। সূত্র : **বণিক বার্তা (**শেষ পৃ,ক.৮**), জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৫ । **পাঁচ দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন শুরু আজ : ৩০০টি প্রস্তাব থাকছে**

৩০০টি প্রস্তাব নিয়ে পাঁচ দিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু হচ্ছে আজ। এসব প্রস্তাবের অনেকগুলোই পুরনো। বিগত ডিসি সম্মেলনে যেসব প্রস্তাব সরকারের পক্ষ থেকে প্রত্যাখ্যান করা হয়েছে সেসব বিষয়ও এবার নানাভাবে সামনে আনা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৪ জুলাই রোববার) সকাল ৯টায় তাঁর কার্যালয়ের শাপলা হলে 'জেলা প্রশাসক সম্মেলন-২০১৯'-এর উদ্বোধন করবেন। মন্ত্রিপরিষদ বিভাগ আয়োজিত ডিসি সম্মেলন শেষ হবে আগামী ১৮ জুলাই। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৬। **বেনাপোল-ঢাকা বিরতিহীন রেলসার্ভিস শুরু আগামী ১৭ জুলাই, উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বেনাপোল-ঢাকা বিরতিহীন রেল সার্ভিস শুরু হবে আগামী ১৭ জুলাই। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ সার্ভিসের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী এ ট্রেনের নাম দিয়েছেন 'বেনাপোল এক্সপ্রেস'। পদ্মা সেতু চালু হলে আন্তঃদেশীয় মৈত্রী ট্রেনও ঢাকা ছেড়ে পদ্মাসেতু, বেনাপোল হয়ে কলকাতা যাবে। বেনাপোল রেলস্টেশন পরিদর্শন শেষে গতকাল (১৩ জুলাই শনিবার) এ কথা জানিয়েছেন বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৮)।

৭। **পরিবহণে চাঁদাবাজি হলে জানান : ট্রাক-কাভার্ডভ্যান মালিক সমিতির সভায় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পুলিশ পরিবহণ সেক্টরে সমন্বয় করে সহায়তা দেয়। তারপরও কেউ পরিবহণ থেকে চাঁদাবাজি করলে তদন্ত করে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে। সড়ক ও মহাসড়কে ট্রাক ও কাভার্ডভ্যান আটকে পুলিশ হয়রানি করলে লিখিত অভিযোগ দেওয়ার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর। গতকাল (১৩ জুলাই শনিবার) রাজধানীর খামারবাড়ী কৃষিবিদ ইনস্টিটিউশন (কেআইবি) সম্মেলনকেন্দ্রে বাংলাদেশ ট্রাক-কাভার্ডভ্যান মালিক সমিতির সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক ও চালককে গাড়ির প্রয়োজনীয় কাগজপত্র ও ড্রাইভিং লাইসেন্স সবসময় হালনাগাদ রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ প,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **যায়যায়দিন** (পৃ.২,ক.২)।

৮। **মানসম্মত শিক্ষা নিশ্চিতে সরকার আন্তরিকতার সঙ্গে কাজ করছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষায় নারী-পুরুষের সমতা অর্জন হয়েছে। তবে এখনো সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত হয়নি। গতানুগতিক শিক্ষা দিয়ে আর চলবে না। এখন প্রয়োজন মানসম্মত শিক্ষা। তাই মানসম্মত শিক্ষা নিশ্চিতে সরকার আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। গতকাল (১৩ জুলাই শনিবার) চাঁদপুরের মতলব উত্তর উপজেলা কমপ্লেক্স মাঠে আওয়ামী লীগের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকীর সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

৯। **প্রতিযোগিতায় টিকে থাকতে দেশি শিল্পপ্রতিষ্ঠানকে সহায়তা করা হবে : শিল্পমন্ত্রী**

পণ্য বিপণনের মাধ্যমে ক্রেতাদের আস্থা অর্জন করতে হবে। বিদেশের বড় বড় ব্যবসাপ্রতিষ্ঠান বাংলাদেশের বাজারে প্রবেশ করছে। দেশীয় প্রতিষ্ঠানগুলোকে তাদের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকতে হবে। এ প্রতিযোগিতায় দেশীয় শিল্পপ্রতিষ্ঠানগুলোকে সরকারের পক্ষ থেকে সব ধরনের সহায়তা দেয়া হবে। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন গতকাল (১৩ জুলাই শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়ামে দ্বিতীয় বাংলাদেশ মার্কেটিং ডে উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত মার্কেটিং শিক্ষক ও পেশাজীবীদের সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। শিল্পমন্ত্রী আরো বলেন, দেশের অনেক শিল্পপ্রতিষ্ঠান আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা করে সাফল্যের স্বাক্ষর রাখছে। তিনি এ সময় পণ্যের মান বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করেন। সূত্র **: বণিক বার্তা (পৃ.১২,ক.৫)।**

১০। **বন্যা পরিস্থিতি মোকাবিলায় সরকারের আগাম প্রস্তুতি রয়েছে : মানিকগঞ্জে পানিসম্পদ উপমন্ত্রী**

বন্যা ও নদীভাঙন রোধে সরকারের প্রস্তুতি রয়েছে বলে জানিয়েছেন পানিসম্পদ উপমন্ত্রী একেএম এনামুল হক শামীম। গতকাল (১৩ জুলাই শনিবার) মানিকগঞ্জের শিবালয় উপজেলার আরুয়া এলাকায় পদ্মা নদীর ভাঙন এলাকা পরিদর্শনে গিয়ে তিনি এ কথা জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রীর উদ্যোগের ফলে এরই মধ্যে দেশের নদী ভাঙনকবলিত এলাকাগুলো চিহ্নিত করা হয়েছে। এখন সেগুলোর ভাঙনরোধে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া হচ্ছে। ভাঙন প্রতিরোধে পানি উন্নয়ন বোর্ডের আগাম প্রস্তুত করে রাখা জিও ব্যাগ নদীপাড়ে ফেলে বাঁধ রক্ষা করা হচ্ছে। এছাড়া বন্যার পানি যেসব এলাকায় বেশি হতে পারে, সেসব এলাকা চিহ্নিত করে আগে থেকেই কার্যকর উদ্যোগ নেয়া হয়েছে। স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, মন্দিরসহ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনা রক্ষায় সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে। সূত্র **: বণিক বার্তা (পৃ.১৩,ক.৫), যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

**১১ । ভারতীয় নৌপথে পণ্য পরিবহণ করবে বাংলাদেশ-ভুটান**

ভারতের নৌপথ ব্যবহার করে ভুটান থেকে বাংলাদেশে পণ্য পরিবহণে খরচ কমবে ৩০ শতাংশ এবং সময় বাঁচবে আট থেকে ১০ দিন। এজন্য একটি নৌযান চালু করেছে ভারতের অভ্যন্তরীণ জলপথ কর্তৃপক্ষ (আইডব্লিউএআই)। ইন্দো-বাংলাদেশ প্রটোকল রুটের আওতায় ব্রাহ্মপুত্র নদ দিয়ে পণ্য পরিবহণের এ সুবিধায় বাংলাদেশ ও ভুটানের বাণিজ্য সুবিধা বাড়বে। এ নৌপথ ব্যবহার করে বাংলাদেশে ইতোমধ্যে ৫০ ট্রাক ওজনের সমমানের গুঁড়ো পাথর পাঠানোর প্রস্তুতি শুরু করেছে ভুটান। ভারতের নৌ মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, ভারতের অভ্যন্তরীণ নৌপথ ব্যবহার করে বাংলাদেশ পাট ও চাল পাঠাবে ভুটানে। আসামের ধুবরি বন্দর থেকে জাহাজ নারায়ণগঞ্জে পৌঁছাবে। তিনি জানান, নৌ প্রটোকলের আওতায় এটি ছাড়াও কলকাতা ও হালদিয়া দিয়ে বাংলাদেশের অভ্যন্তরীণ নৌপথ ব্যবহার করে ভারত উত্তর-পূর্বের রাজ্যগুলোতে পণ্য পাঠাতে পারবে। তিনি আরও বলেন, আগামী পাঁচ বছর নদীপথের নাব্য ঠিক রাখতে বাংলাদেশকে ৩০০ কোটি রুপি দেবে ভারত। সূত্র **: সমকাল** (পৃ.১২,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**১২। বিদেশী বিনিয়োগকারীদের কাছে আকর্ষণীয় বাংলাদেশের বাজার : নিক্কেই এশিয়া রিভিউ প্রতিবেদন**

দেশের ক্রমবর্ধমান অর্থনীতিতে বিদেশি সরাসরি বিনিয়োগ অবদান রাখছে। বহুজাতিক কোম্পানিগুলো অভ্যন্তরীণ বাজারের ব্যাপক চাহিদার বিষয়টি বিবেচনায় রেখেছে। গত **১২** জুলাই শুক্রবার নিক্কেই এশিয়ান রিভিওয়ের এক প্রতিবেদনে বলা হয়েছে, **১৬** কোটি ৮০ লাখ জনসংখ্যা অধ্যুষিত বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি অত্যন্ত কৌশলগত স্থানে। এ দেশের এক তৃতীয়াংশ লোকের বয়স ২৫ বছরের কম। বিদেশি বিনিয়োগকারীরা বাংলাদেশকে একটি শক্তিশালী ক্রমবর্ধমান বাজার হিসেবে দেখছে। ইউনাইটেড নেশনস কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট (ইউএনসিটিএডি) জানিয়েছে, গত বছর বাংলাদেশে সরাসরি বিদেশি বিনিয়োগের (এফডিআই) পরিমাণ ৬৮ শতাংশ বেড়ে রেকর্ড ৩ দশমিক ৬১ বিলিয়নে দাঁড়িয়েছে। ২০১১ সালের চেয়ে এটা তিনগুণ বেশি। সূত্র- **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**১৩। বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের দ্বিবার্ষিক নির্বাচনে**
**স ম গোলাম কিবরিয়া সভাপতি ও মুন্সী জালাল উদ্দিন মহাসচিব নির্বাচিত**

বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের দ্বিবার্ষিক নির্বাচনে স ম গোলাম কিবরিয়া সভাপতি ও মুন্সী জালাল উদ্দিন মহাসচিব নির্বাচিত হয়েছেন। গত **১২** জুলাই শুক্রবার নবনির্মিত তথ্য ভবনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে শুধু মহাসচিব পদে প্রতিদ্বন্দ্বী ছিলেন তিনজন। বাকি **১৬**টি পদের প্রার্থীরা বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন। সূত্র **: সমকাল (**পৃ.২,ক.১**)**।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** টঙ্গীতে মোবাইল ফোনে বান্ধবীর সাথে ছবি তোলাকে কেন্দ্র করে সহপাঠী কিশোর গ্যাং গ্রুপের হাতে খুন হয়েছে নবম শ্রেণির এক ছাত্র উল্লেখ করে এ ধরনের সামাজিক অস্থিরতা রোধে আইনের কঠোর প্রয়োগের ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, যায়যায়দিন :** বৈশ্বিক বহুমাত্রিক দারিদ্র্য সূচকে বাংলাদেশের গুরুত্বপূর্ণ অগ্রগতির কথা উল্লেখ করে এর সাথে সাথে রাষ্ট্রীয় সক্ষমতার সুফল সুষমভাবে বন্টনের সুপারিশ।

গ. **যায়যায়দিন, সংবাদ, যুগান্তর, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ নেশন :** মৌসুমের শুরুতে ভারী বর্ষণ এবং উজান থেকে নেমে আসা ঢলে দেশের উত্তরাঞ্চলের ১০টি জেলা বন্যাকবলিত হয়ে পড়েছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে বন্যা মোকাবিলায় যথাযথ প্রস্তুতির ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** টানা বর্ষণে চট্টগ্রাম মহানগরের অধিকাংশ প্রধান সড়ক বেহাল দশায় পরিণত হয়েছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে সেবা সংস্থাগুলোর সঙ্গে সমন্বয়ের পাশাপাশি টেকসই রাস্তা নির্মাণে সিটি করপোরেশনকে উদ্যোগী হওয়ার আহ্বান।

ঙ. **জনকণ্ঠ :** আশপাশের দেশের তুলনায় বাংলাদেশে প্লাস্টিক দূষণের পরিমাণ বেশি হওয়ায় এ ধরনের দূষণ মোকাবিলায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** দেশে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

ছ. **ঢাকা ট্রিবিউন :** রাজধানীর জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বলা হয়েছে, অপসংস্কৃতির প্রভাবে সামাজিক অবক্ষয় থেকে সমাজকে রক্ষায় প্রতিরোধের চেতনা তৈরি করতে হলে শক্তিশালী ও ঐক্যবদ্ধ সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলা দরকার।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষকতা ও মনুষ্যত্ব'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, একজন আদর্শ শিক্ষকই পারেন ছাত্রদের জ্ঞান, সততা, নীতি, নৈতিকতা, আদর্শ, মূল্যবোধের দীক্ষা দিতে, শিক্ষার্থীর মানবতাবোধকে জাগ্রত করতে ।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/ ৯.০০ঘন্টা